19-11-38

Ⓢ Rupor Jhumko.



# একলব্য

# রূপোর ঝুমকো

শ্রীযুক্ত পান্নালাল পাঠকের প্রযোজনায়

ওরিয়েণ্টাল কিনেটোন আর্টস্‌'এর

# একলব্য

## ও

# রূপোর ঝুমকো

চিত্র-পরিবেশক :

মতিমহল থিয়েটার্স লিমিটেড

কটন ষ্ট্রীট, কলিকাতা।

## এক নজরে

সংগঠনকারী

| | | |
|---|---|---|
| | চিত্রনাট্য ও পরিচালনা | — জ্যোতির বন্দ্যোপাধ্যায় |
| | কথা-শিল্পী | — হরিপদ হোম |
| | আলোক-চিত্র-শিল্পী | — বীরেন ঘোষ |
| | ঐ সহকারী | — মুরারী ঘোষ |
| ( ইষ্ট ইণ্ডিয়া পিক্‌চার্স হইতে গৃহীত ) | শব্দযন্ত্রী | — অবনী চট্টোপাধ্যায়<br>গোবিন্দপদ বন্দ্যোপাধ্যায় |
| | সঙ্গীত রচয়িতা | — সত্য মুখার্জ্জি |
| | সুরশিল্পী | — ধীরেন দাস |
| | নৃত্য শিক্ষক | — কুমার মিত্র |
| | রসায়নাগার অধ্যক্ষ | — অনিল মিত্র |
| | ঐ সহকারী | — সমীরণ চট্টোপাধ্যায়, লালুদাস নায়ক |
| | দৃশ্যসজ্জাকর | — বটকৃষ্ণ সেন |
| | ঐ সহকারী | — খর্ব্বুজ মিস্ত্রী ও যতীন দাস |
| | রূপসজ্জাকারী | — সেখ ইদু, বসন্ত দত্ত ও শঙ্কর |
| | স্থির-চিত্র-শিল্পী | — দুলাল দত্ত |
| | চিত্র সম্পাদক | — অমর চট্টোপাধ্যায় ও অরবিন্দ মিত্র |
| | ঐ সহকারী | — যামিনী নন্দন ও মৌলা বক্স |

# ভূমিকা লিপি

## - - একলব্য - -

| | |
|---|---|
| জহর গাঙ্গুলী | ... একলব্য |
| অমল বন্দ্যোপাধ্যায় | ... দ্রোণাচার্য্য |
| ফাল্গুনী ভট্টাচার্য্য | ... অর্জ্জুন |
| অমর ঘোষ | ... দুর্যোধন |
| কালীপদ ঘোষ | ... হিরণ্যধনু |
| তুলসী চক্রবর্ত্তী, তারক বাক্‌চি | ... ব্রাহ্মণদ্বয় |
| রেণুকা রায় | ... বিপাশা |
| রাজলক্ষ্মী (গায়িকা) | ... একলব্যের মাতা |
| নন্দরাণী | |
| দূর্গারাণী | |
| নির্ম্মলা | |
| ইত্যাদি | |

## একলব্য



ব্যাধের ছেলে একলব্য, ব্যাধের মেয়ে বিপাশা। শৈশবের খেলার স
যৌবনের সহচর।

ক্ষণিকের অসতর্কতায় একলব্যের উপর এসে পড়ল এক ক্ষমাহীন ব্রাহ্ম
নির্ম্মম অভিশাপ - - - - -

রাজা দ্রুপদের কাছে অপমানিত হ'য়ে শস্ত্রবীদ ব্রাহ্মণ দ্রোণাচার্য্য
কুরু-পাণ্ডবের অস্ত্রশিক্ষার ভার নিয়েছেন। রাজকুমারগণের অস্ত্রবিদ্যার প
হবে তারই আয়োজন চলেছে। একলব্যের কাছে সে খবর এসে পৌঁছ

পিতামাতার নিষেধ না মেনে সে চল্‌ল সেই পরীক্ষা দেখতে ... ... অন্তরে গোপন উচ্চ আশা তাকে ভুলিয়ে দিলে—সে হীন জাতি, অস্পৃশ্য ... ...

তারপর ঘটনাচক্রে একলব্য এমন এক কঠিন পরীক্ষায় অযাচিতভাবে উত্তীর্ণ হ'য়ে গেল যাতে রাজকুমার অর্জ্জুন ছাড়া আর কেউ উত্তীর্ণ হ'তে পারে নি। নিষাদ বালকের এই অদ্ভুত শিক্ষা দেখে সকলে অবাক হয়ে গেলেন. সব চেয়ে বেশী আশ্চর্য্য হলেন দ্রোণাচার্য্য। আচার্য্য দ্রোণ এই অজ্ঞাত কুল-শীল বালকের কৃতিত্ব দেখে. তার কাছে জানতে চাইলেন, কে সে এবং কেই বা তার শিক্ষা-গুরু—দ্রোণাচার্য্যের তেজোময় কান্তি দেখে একলব্য মুগ্ধ হয়ে মনের আবেগে বল্‌লে—আমি নিষাদ পুত্র। তারপর একলব্য ভিক্ষা চাইলে দ্রোণাচার্য্যের শিষ্যত্ব। রাজপুত্রদের গুরু দ্রোণ নিষাদপুত্রকে শিক্ষা দিতে স্বীকৃত হ'লেন না। একলব্য নিরাশ হ'য়ে ফিরে গেল। ··· ··· পর্ব্বতের এক নির্জ্জন প্রদেশে দ্রোণাচার্যের মৃণ্ময় মূর্ত্তি গঠন ক'রে তারই সম্মুখে অস্ত্রবিদ্যার অনুশীলন করতে লাগল। একাগ্র সাধনায় একলব্য ভুলে গেল তার সংসার, মা, বাবা, বিপাশা—

... সকলে তার বিরহে শোকাতুর কেউ সন্ধান জানে না একলব্য কোথায়! বিপাশা একলব্যকে খুঁজে বার করলে।

দিন যায়—একলব্যের সাধনা চ'লেছে শুধু অস্ত্রবিদ্যার নয় গুরু দ্রোণাচার্যের মৃণ্ময় মূর্ত্তিতে সে প্রাণ প্রতিষ্ঠা করবে। ··· ···

এই নির্জ্জন বনে মৃণ্ময় দ্রোণাচার্য্য প্রাণবন্ত হবেন, তিনি শুধু আর কুরু-পাণ্ডবের গুরু থাক্‌বেন না, এবার হতে তিনি সর্ব্বজাতির অস্ত্রগুরু বলে পরিচিত হবেন।

··· দ্রোণাচার্য্য রাজকুমারদের নিয়ে মৃগয়ায় এলেন। শীকারের অন্বেষণে দ্রোণ ও অর্জ্জুন এসে পড়লেন একলব্যের কুটীর সম্মুখে। সেখানে তাঁরা এমন একটী অস্ত্র প্রয়োগ কৌশল দেখতে পান যা একমাত্র দ্রোণ ছাড়া আর কেহ জানে না এবং তিনি এই কৌশল আর কোনো শিষ্যকে শিক্ষা দেন নি. অনুসন্ধানে জানা গেল সেই দুর্লভ শস্ত্রবিদ্যার অধিকারী—একলব্য।



অভিমানী অর্জ্জুনের মনে সংশয় জেগে ওঠে—তবে কি আচার্য্য গোপনে নিষাদ পুত্রকে এই অমূল্য বিদ্যার অধিকারী করেছেন ?—প্রিয় শিষ্যের মর্ম্মকথা জানতে গুরুর বিলম্ব হ'ল না। তিনি সমস্ত বুঝ্‌তে পেরে জগতে একমাত্র অর্জ্জুনকেই শ্রেষ্ঠ ধনুর্ব্বিদের অধিকারী করবার জন্যে একলব্যের কাছে কৌশলে গুরু-দক্ষিণা চাইলেন ; সে দক্ষিণার অর্থ একলব্যের অলৌকিক সাধনার নিষ্ফলতা। হাসি মুখে একলব্য দক্ষিণা দিয়ে বল্‌লে,—শক্তির সাধনা আমি করিনি, আমি কামনা করেছিলাম গুরুপদ ! সে পদ পেয়েছি।"

মুগ্ধ দ্রোণাচার্য্য সমস্ত ব্রহ্মণ্য মহিমা দিয়ে একলব্যকে আশীর্ব্বাদ করলেন। ..এমন সময় সেখানে এল বিপাশা, সে দ্রোণাচার্য্যকে জানে না,—সে দিল আচার্য্যকে তীব্র অভিশাপ, গুরু দ্রোণাচার্য্য রুষ্টা শবর বালিকার অভিশাপ এড়াতে পারেন নি।

তারপর..... সমস্ত ঘটনা পর্দ্দায় অত্যাশ্চর্য্য ভাবে ফুটিয়ে তোলা হয়েছে।

চিত্র-পরিবেশক ঃ—

মতিমহল থিয়েটার্স লিঃ



( ১ )

কার তরে তুই ফেলিস চোখের জল
ও শেফালী বললো আমায় বল,
কেন লো তুই মুদে নয়ন —
কার লাগি তোর বিষাদ এমন,
ডাকছে তোরে ভোরের আলো
ডাকে থলকমল।

( ২ )

তোমার সাথে প্রেম করা
সে জীবন নিয়ে খেলা
কান্না হাসির জীবন সখী
নয়তো আলোর মেলা ( শুধুই ),
চাইনে আমি তোমার কাছে
শুনতে দুখের গাথা,
ব্যথাই কেবল দিতে জান
করে ছুতা নাতা।
ফুলের হাসিই দেখছ সই
দেখনি তার ব্যথা॥

( ৩ )

কথা কও কথা কও ওগো দেবতা —
ধন তোমার শিখায়েছে মোরে
কিসের এ নীরবতা।
ছে ওগো সব মিছে.
বতারে ভাবো মানবের রূপে
নামিয়ে এনেছে নীচে।
মিই শিখালে মোরে ওগো দেবী,
র্মের আলোকে দেখিতে দেবের ছবি,
লো অভিমান প্রসাদে তোমার
ল আমার ধ্যানের সার্থকতা॥

( ৪ )

রোদনেই যদি বোধন তোমার
কাঁদিব দিবসযামী।
ওগো নিরদয়! ওগো সুন্দর
ওগো অন্তরযামী॥
নয়ন পুতলী হয়েছ আমার —
আমারেও দেব দিনু উপহার,
সকলই তোমার মিছে কেন তবে
ভাবি সকলের আমি॥



## রূপোর ঝুম্‌কো— সংগঠনকারী

( রাধা ফিল্ম কোম্পানী হইতে গৃহীত )

| | |
|---|---|
| কাহিনী | — গোবিন্দ বন্দ্যোপাধ্যায় |
| পরিচালক | — জ্যোতিষ বন্দ্যোপাধ্যায় |
| ঐ সহকারী | — রবি রায় |
| আলোক-চিত্র-শিল্পী | — বীরেন দে |
| ঐ সহকারী | — মুরারী ঘোষ |
| শব্দযন্ত্রী | — নৃপেন পাল ও ভূপেন ঘোষ |
| সঙ্গীত পরিচালক | — এস, এন, দাস |
| ঐ সহকারী | — রতন দাস |
| ব্যবস্থাপক | — বিদ্যাধর মল্লিক ও নীলমণি রায় |
| রসায়নাগার অধ্যক্ষ | — অবনী রায় ও চণ্ডীচরণ শীল |
| দৃশ্যসজ্জাকর | — শঙ্কর ঘুরাজী |
| রূপসজ্জাকর | — বসন্ত দত্ত |
| স্থির-চিত্র-শিল্পী | — ক্ষেত্রমোহন দে |
| চিত্র সম্পাদক | — অমর চট্টোপাধ্যায় ও অরবিন্দ মিত্র |
| নৃত্য পরিকল্পনা | — সমর ঘোষ |

# ভূমিকা লিপি

## - - রূপোর ঝুম্‌কো - -

| | |
|---|---|
| ধীরাজ ভট্টাচার্য্য | ... প্রদীপ সেন |
| সত্য মুখার্জ্জি | ... মন্মথ |
| নীলু রায় ( এঃ ) | ... সুতনু |
| ফণিভূষণ বিদ্যাবিনোদ | ... অতুলানন্দ সরস্বতী |
| কার্ত্তিক দে | ... হরগোবিন্দ |
| প্রভাস মিত্র | ... গিরিধারী |
| প্রফুল্ল দাস | ... অষ্টাবক্র |
| অতুল ভট্টাচার্য্য | ... সামসুল বসিরুদ্দীন |
| মুরারী মুখার্জ্জি | ... লীলায়িত ধর |
| মাষ্টার গঙ্গাধর | ... কল্পনার ভ্রাতা |
| পারুলবালা | ... কল্পনা |
| কমলা দে | ... কুন্তলা |
| কমলকুমারী | ... অনিলা |

**বিভিন্ন ভূমিকায়—**

বেলারাণী, রাজলক্ষ্মী ( গায়িকা ), রাজলক্ষ্মী, রাজলক্ষ্মী (পচি)
গীতা বীণা, রাজলতিকা, যতীন চৌধুরী

# রূপোর ঝুমকো

## —গল্পাংশ—

কুমারী কল্পনা ও কুন্তলা—তরুণী, আধুনিকা। একদিন "লেকে" বেড়াতে গিয়ে, কল্পনা তার কানের একটী রূপোর ঝুমকো হারিয়ে ফেলে। পরে সে ঝুমকো খুঁজতে খুঁজতে দেখতে পায় যে একটী ভদ্রলোক তা' কুড়িয়ে পেয়ে মুখে মুখে কবিতা আওড়াচ্ছেন আর মাঝে মাঝে ঝুমকোটীর দিকে এমনভাবে চাইছেন যেন ঐ রূপোর ঝুমকোর অধিকারিণী তাঁরই সামনে দাঁড়িয়ে আছে। তা দেখে কুন্তলা বল্লে - "ছি-ছি-Nasty ! আজকালকার পুরুষগুলো Degradation-এর চরম সীমায় নেমেছে।"

তারপর কল্পনাকে বল্লে—"নে নে তোর ঝুমকোটা চেয়ে নে !"

কল্পনা উত্তর দিল—"ভারি তো ঝুমকো—ওর জন্যে ভদ্রলোকের অমন ভাব আমি ভেঙ্গে দিতে চাই না।"

দেখতে দেখতে সে ভদ্রলোকটী কবিতা আওড়াতে আওড়াতে চলে গেল—

"এ ভাদর মাসে,

কাহার কানের দুল উড়ে এল ঘাসে;—"

ভদ্রলোকটীর নাম প্রদীপ সেন—স্বভাব কবি। বাড়ী ফিরে এসে সে তার বন্ধু মন্মথকে সব কথা খুলে বলার সঙ্গে সঙ্গে এ কথাও জানালো যে, সে—সেই অজ্ঞাত কল্পনাময়ীকে তার মর্ম্ম-মন্দিরে প্রতিষ্ঠিত করে ফেলেছে ! ঝুমকোধারিণীকে চাই !

এদিকে কল্পনাও বলে তার বান্ধবী কুন্তলাকে—"তাঁকে খুঁজে বার করে দে' ভাই, নইলে আমি আর বাঁচ্‌বো না ! শীগ্‌গীরই ঝরে পড়বো—যেমন করে ঝরে পড়ে কদমফুল থেকে তার রেণু, গাঁদাফুল থেকে তার পাপড়ি !"

তারপর—চল্‌লো অনুসন্ধান।

## ❋ গান ❋

মন-শেফালী বনে
আজি কেন গো ( কেন )
কার পাগল বাঁশী
বাজে আকুল তানে।
যেন মিলনী মাগি
কোথা অলসে থাকি
মোর পরাণ প্রিয়
প্রাণে ফাগুন আনে।



Printed at Glasgow Printing Co., Howrah

# Evergreen Pictures

## Distributed by MOTIMAHAL THEATRES, LIMITED.

### ONLY BENGALI PICTURES*

**MOTIMAHAL THEATRES**

1. **Ranga Bau** . . Chhaya Devi, Maneka, Sephalika Monoranjan.
2. **Bekar Nashan** . Naresh Mitter, Ranibala, Sushi Roy, Mrinal.

**RADHA FILM CO.'S**

3. **Chhinnahar** . . Maya, Renuka, Ahindra, Naresh Mrinal, Sailen.
4. **Manmoyee** . . Kananbala, Jyotsna, Mrinal Radharani, Kumar.
5. **Dakshayagna** . Ahindra Chowdhury, Chandra vati, Dhiraj, Mrinal.
6. **Sree Gouranga** . Binoy Goswami, Kananbala Mrinal, Kumar Mitra.
7. **Sachi Dulal** . . . Purnima, Mrinal Ghosh, Rabi Roy Kumar Mitra.
8. **Kanthahar** . . Ahindra Chowdhury, Padmabati Kananbala.
9. **Rajnatee** . . Bina, Rabi Roy, Dhiraj Bhatta charjee, Kumar.

**EAST INDIA'S**

10. **Jamuna Puliney** Sabitadevi, Angurbala, Kamala Dhiraj, K. C. Dey.
11. **Savitri** . . . K. C. Dey, Shantigupta, Tara sunderi, Jiwanbabu.

**MADAN THEATRES LTD.**

12. **Prahlad** . . . Ahindra Chowdhury, Kananbala Dhiren Das.
13. **Rishir Prem** . Ahindra Chowdhury, Miss Jyoti Sarajubala.
14. **Vishnumaya** . Ahindra Chowdhury, Kananbala Umasoshi.

**ORIENTAL KINETONE ARTS**

15. **Eklabya** . . . Jahar Gangully, Renuka Ray Tulsi Chakraverty, Rajlakshmi
16. **Rupor Jhumko** . Dhiraj, Satya Mukherjee, Parul bala, Kamala Dey, Rajlakshmi

**COMING !** **COMING ! !** **COMING ! !**

1. **JOKER DHAN**
2. **DRAUPADI**
3. **SUBHADRA HARAN**

* Write for Hindi Urdu Pictures List